# বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম

**Bangladesh Tarun Column Lekhok Forum**

ঠিকানাঃ টিএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Address: TSC, University of Dhaka, Dhaka: 1000, Bangladesh

Email: info@bycwf.org website: www.bycwf.org

সূত্রঃ বাতকলেফো/২০২৬/৭ম-১ তারিখঃ ১লা আগস্ট, ২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরামের ২০২৬-২৭ কার্যবর্ষের কেন্দ্রীয় নির্বাহী পর্ষদের সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নিম্নোক্ত লেখকদের মনোনীত করা হলো।

**সভাপতি : মো. রুহুল আমিন,** ইসলামী বিশ্ববিদ্যালয়

**সাধারণ সম্পাদক : সাইশা সুলতানা সাদিয়া,** ঢাকা বিশ্ববিদ্যালয়

নবমনোনীত সভাপতি ও সাধারণ সম্পাদককে পরামর্শক্রমে পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে গঠনতন্ত্র মোতাবেক পূর্ণাঙ্গ কমিটি গঠন করে কেন্দ্রীয় উপদেষ্টা পর্ষদে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**অনুমোদিত**

**মো. ফয়সাল আহাম্মদ**
সদস্য, কেন্দ্রীয় উপদেষ্টা পর্ষদ
বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম

**মো. জাহানুর ইসলাম**
সদস্য, কেন্দ্রীয় উপদেষ্টা পর্ষদ
বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম

**মাহদী হাসান মজুমদার**
মুখপাত্র, স্থায়ী পর্ষদ
বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম

# বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম

**Bangladesh Tarun Column Lekhok Forum**

ঠিকানাঃ টিএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Address: TSC, University of Dhaka, Dhaka: 1000, Bangladesh

Email: info@bycwf.org website: www.bycwf.org

সূত্রঃ বাতকলেফো/প্রে.বি/২০২৬-২৭/০১ তারিখঃ ১লা আগস্ট, ২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরামের ২০২৬-২৭ কার্যবর্ষের জন্য কেন্দ্রীয় পর্ষদের সভাপতি ও সাধারণ সম্পাদক মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সংগঠনের কেন্দ্রীয় পর্ষদের সভাপতি পদে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মো. রুহুল আমিন ও সাধারণ সম্পাদক পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাইশা সুলতানা সাদিয়া মনোনীত হয়েছেন।

শনিবার (০১ আগস্ট) সংগঠনটির কেন্দ্রীয় উপদেষ্টা মো. ফয়সাল আহম্মদ, মো. জাহানুর ইসলাম ও স্থায়ী পর্ষদ মুখপাত্র মাহদী হাসান মজুমদার কর্তৃক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে নতুন কার্যবর্ষের জন্য কমিটি ঘোষণা করা হয়। একই সাথে নব নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদককে পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ প্রদান করা হয়েছে।

নবমনোনীত সভাপতি পূর্বে সংগঠনের কেন্দ্রীয় যুগ্ম-সাধারণ সম্পাদক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি, সাংগঠনিক সম্পাদক এবং উপ-দপ্তর সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী হিসেবে অধ্যয়নরত রয়েছেন।

নবমনোনীত সাধারণ সম্পাদক পূর্বে সংগঠনের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক, কেন্দ্রীয় সম্পাদকীয় পর্ষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্পাদকীয় পর্ষদ হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী হিসেবে অধ্যয়নরত রয়েছেন।

'সুপ্ত প্রতিভা বিকশিত হোক লেখনীর ধারায়' এই প্রতিপাদ্যকে সামনে রেখে ২০১৮ সালের ২৩শে জুলাই যাত্রা শুরু করে বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম। তরুণ লেখকদের পরামর্শ দেওয়া, পত্রিকায় লেখা প্রকাশে সহযোগিতা করাসহ লেখালেখি বিষয়ক সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন করে থাকে বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম। বর্তমানে দেশের ২৩টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন কলেজ ও দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের লেখালেখিতে উদ্বুদ্ধ করতে কাজ করে যাচ্ছে দেশের তরুণ লেখকদের সর্ববৃহৎ এই সংগঠনটি।

**বার্তা প্রেরক**

মাহদী হাসান
০১/০৮/২০২৬

**মাহদী হাসান মজুমদার**

মুখপাত্র, স্থায়ী পর্ষদ

বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম।

মোবাইলঃ ০১৫১৮-৯০৩৬০০